দৈনিক ইনকিলাব

তারিখ DEC 20 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬




ইনকিলাব ঃ ছাত্রদল নেতৃবৃন্দের উপর পুলিশের বর্বরোচিত হামলা ও গ্রেফতারের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদলের আহবানে গতকাল বুয়েটে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালিত হয়

### সর্বাত্মক ধর্মঘট পালিত

# বুয়েট থেকে আওয়ামী শোষকদের পতন নিশ্চিত করা হবে

## –ছাত্রদল নেতৃবৃন্দ

**বুয়েট রিপোর্টার ঃ** গতকাল (রবিবার) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) জাতীয়বাদী ছাত্রদলের ডাকে দিনব্যাপী সর্বাত্মক ধর্মঘট সুষ্ঠুভাবে পালিত হয়েছে। কোন বিভাগেই ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। দিনের অন্যান্য কার্যক্রম বন্ধ ছিল। গত শুক্রবার বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ছাত্রদলের পূর্ব নর্ধারিত মিছিলে পুলিশের নির্বিচারে হামলা এবং ছাত্রদল সভাপতি সোহেল ও সাধারণ সম্পাদক পিন্টুসহ শতাধিক নেতা-কর্মীকে গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদে ছাত্রদল বুয়েট শাখা গতকাল বুয়েটে এই ধর্মঘট আহবান করে। ধর্মঘট চলাকালে ছাত্রদল বেলা ১১টায় বিভিন্ন শ্লোগানসহ বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি মেইন গেট দিয়ে ঢুকে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে এসে শেষ হয়।

মিছিল শেষে বিক্ষোভ সমাবেশে নেতৃবৃন্দ পুলিশের অমানুষিক নির্যাতনের তীব্র নিন্দা জানিয়ে বলেন, অবিলম্বে ছাত্রনেতাদের মুক্তি না দিলে মেধাবী ছাত্রদের প্রতিষ্ঠান বুয়েট থেকে স্বৈরাচারী আওয়ামী শোষকের পতন নিশ্চিত করা হবে। ইউকসু ভিপি হাসিব সাঈদ আহমদ চৌধুরী ক্ষোভের সাথে বলেন, দেশে ক্ষুধার তাড়নায় মা যখন কোলের শিশুকে বিক্রি করে দিচ্ছে তখন স্বাধীনতা-সার্বভৌমত্ব বিকিয়ে দিয়ে রোজাদার ছাত্র-জনতার রক্ত ঝরিয়ে প্রধানমন্ত্রীর ডক্টরেট গ্রহণ জাতির সাথে উপহাস মাত্র। তিনি গ্রেফতারকৃত নেতৃবৃন্দের মুক্তি দাবী করেন। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রদল বুয়েট সভাপতি গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক মোকাম্মেল হায়াৎ খান মুকী, প্রাক্তন সভাপতি হাসানুজ্জামান সিদ্দিকী মিঠুল এবং ইউকসু এজিএস মোজাম্মেল হক পিটার।